

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
আনোয়ারা শাখা, চট্টগ্রাম।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আনোয়ারা শাখা, তালুকদার ভবন, সিইউএফএল রোড, চৌমুহনী বাজার, থানা- আনোয়ারা, জেলা-চট্টগ্রাম, এর ঋণগ্রহীতা মেসার্স আল্লাহর দান মোটরস, ঠিকানা- পটিয়া কক্সবাজার হাইওয়ে, শান্তিরহাট, থানা- পটিয়া, জেলা-চট্টগ্রাম, প্রোপাইটর- জনাব মোহাম্মদ সেলিম, পিতা- হাজী মোঃ আবু ছৈয়দ, ঠিকানা- গ্রাম- আনোয়ার সাহেবের বাড়ী, দক্ষিণ মালিয়ারা, ডাকঘর- মালিয়ারা- ৪৩৭১, থানা- পটিয়া, জেলা- চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৬.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট -৩৭,৬৮,৬৩৪/৭৯ (সাইত্রিশ লক্ষ আটষাট হাজার ছয়শত চৌত্রিশ টাকা উনাশি পঁয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আত্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

জেলা- চট্টগ্রাম, থানা-পটিয়া, জে. এল. নং-১৯, মৌজা- মালিয়ারা

ক্রমিক নং	আর. এস. খতিয়ান নং	আর. এস. দাগ নং-	বি এস. এস. খতিয়ান নং	বি এস নামজারী খতিয়ান নং-	বি.এস. দাগ নং-	মোট জমির পরিমাণ
১	৫৭০,৫৪৬, ১৫৯৫,৫৯২	১৭২৬, ১৭২৪, ১৭১৮, ১৭১৯, ১৭২৫	১১২৬, ১৫১০	২১৬০	৩৪৯৫, ৩৪৯৯	৫.৯১ শতাংশ
২	১৫৯৫	১৭২৬	১১২৬	২১৬০	৩৪৯৫	১.৮৪ শতাংশ
৩	৫৯২ ১৫৯৪	১৩৭৫, ১৭২৪ ১৭২৬, ২১২৮/৪৮৭৪, ২১২৯/৪৮৭৫	১৩৫২ ১১২৬	২১৬০ ২১৭৮	১১০৮, ৩৪৯৬ ৩২৮২, ৩২৮৫, ৩৪৯৫	১.৪৩ শতাংশ
৪	৫৯২	১৭২৪	১৩৫২	২১৬০	৩৪৯৬	০.৫০ শতাংশ
৫	১৩৫১, ১৫৪১, ১০১৪, ১৪০৫, ১৬১৪, ৯৫৫, ২০০৯, ২০২১, ২০২৮, ১৫৮৮, ২০২৬, ২০২৭, ১৬৮৮	৪০৬, ৩৪৯, ৩০২, ৩৫৩, ৪০৪, ৩৪৭, ৩৫৪, ৪৬২, ৪৬৩, ৩৫০, ৩৫১, ৩৫৫, ৩৫৯, ৩৪৮, ৩৪৬	৫৪০, ১৯১৫, ১৯১৮, ১৯২০, ১৯২১, ১৯১৩, ১০০৩, ১৯১০ ১৯১৭, ৪৪৫	২১৭৮	৪৩৩, ৪৩৬, ৫৬১, ৪৩২, ৫৬২, ৪৩৪	১২.০০ শতাংশ
৬	৭০৩ ৮২৫	২৩০৪ ২২৩২, ২২৩৬	৫৪১ ১৮৮	২১৭৮	৪৫৬২ ৪৫২০/৫২৩৪ ৪৫৫২	২.৪৭ শতাংশ
৭	৭০৩ ৮২৫	২৩০৪ ২২৩২, ২২৩৬	১৮৮	২১৭৮	৪৫২০/৫২৩৪ ৪৫৫২	৭.৪৫ শতাংশ
সর্বমোট						৩১.৬০ শতাংশ

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৫/০৯/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আনোয়ারা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আনোয়ারা শাখায় অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আনোয়ারা শাখা, চট্টগ্রাম।